

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি লাইব্রেরিতে চালু হলো বঙ্গবন্ধু এন্ড লিবারেশন ওয়ার স্ট্যাডি সেন্টার

রাশেদ নিজামী

বঙ্গবন্ধুর গৌরবময় অবদান কেবল একটি জাতিকে মুক্তি দেওয়ার ক্ষেত্রে নয়, তার স্বপ্নের সোনার বাংলা গঠনের কাজে নেতৃত্ব দেওয়ার জন্য দক্ষ ও উদ্যমী জনশক্তি গড়ে তোলার অনুপ্রেরনা হিসাবে এবং বঙ্গবন্ধুর প্রামাণিক ইতিহাসের জ্ঞান ছড়িয়ে দেওয়ার মহান উদ্দেশ্যকে সামনে নিয়ে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি লাইব্রেরিতে গত ১লা ডিসেম্বর ২০২২ ইং তারিখে চালু হলো বঙ্গবন্ধু এন্ড লিবারেশন ওয়ার স্ট্যাডি সেন্টার। এ সময় সেন্টারটি বেলুন সজ্জিত করা হয় এবং ফিতা কেটে উদ্বোধন করা হয়। ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি লাইব্রেরির সুবিশাল সংগ্রহের সাথে আরো যুক্ত হলো বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ সম্পর্কিত অসংখ্য প্রকাশনা, যা বিশ্ববিদ্যালয়ের





ছাত্র, শিক্ষক, কর্মকর্তাও গবেষকদের জন্য দারুনভাবে সহায়ক হবে।

উক্ত সেন্টার উদ্বোধন এর সময় উপস্থিত ছিলেন জুনায়েদ আহমেদ পলক,এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সেই সাথে উপস্থিত ছিলেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ডঃ এম লুৎফর রহমান,মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ডঃ এস এম মাহবুবুল হক মজুমদার,

রেজিস্ট্রার ডঃ মোহাম্মদ নাদির বিন আলী,লাইব্রেরিয়ান ডঃ মোঃ মিলন খান, প্রফেসর ডঃ মোস্তফা কামাল, ডীন, একাডেমিক এফেয়ার্স, এবং ড্যাফোডিল ফ্যামেলির গ্রুপ সিইও জনাব মোঃ নুরুজ্জামান। এ সময় মন্ত্রী মহোদয় তার নিজস্ব সংগ্রহ থেকে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ সম্পর্কিত ৭ টি বই উপহার হিসাবে বঙ্গবন্ধু এন্ড লিবারেশন ওয়ার স্ট্যাডি সেন্টারে প্রদান করেন এবং লাইব্রেরি পরিদর্শন শেষে ভূয়সী প্রশংসা করেন।

